দৈনিক বাংলা

11 JUL 1988
তারিখ 11 JUL 1988
পৃষ্ঠা 5 কলাম 3

127

11 JUL 1988

# স্কুল ভবন নির্মাণের আবেদন

কুমিল্লা জেলার দেবীদ্বার উপজেলাধীন বল্লভপুর একটি বর্ধিষ্ণু গ্রাম। এই গ্রামের 'বল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে' প্রায় এক হাজার ছেলেমেয়ে লেখাপড়া করে। কয়েক মাস আগে কালবৈশাখী ঝড়ে বিদ্যালয়ের টিনের ঘরটি মাটিতে পড়ে চুরমার হয়ে গেছে এবং বিদ্যালয়ের চেয়ার, টেবিল, বেঞ্চগুলি সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়েছে। কিন্তু আজ পর্যন্ত বিদ্যালয়টি সংস্কার না করায় ঝড়-বৃষ্টির দিনে ছেলে-মেয়েদের ক্লাস করতে বিঘ্ন ঘটছে।

তাই সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন, টিনের ঘরের পরিবর্তে এ বিদ্যালয়ের জন্য দালান নির্মাণের ব্যবস্থা করা হোক।

—মোঃ আবুল হাশেম সরকার,
বল্লভপুর (সরকার বাড়ি),
দেবীদ্বার, কুমিল্লা।